

জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ
ইনস্টিটিউট (NOSHTRI) প্রশিক্ষণ নীতিমালা, ২০২৪

১. প্রস্তাবনা ও নামকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে রাষ্ট্রের সমস্ত ক্ষমতা জনগণের উপর ন্যস্ত করা হয়েছে। কৃষক ও শ্রমিকের মুক্তি এবং সৃজনশীল ও শোভন কর্মপরিবেশ নিশ্চিত করার বিষয়ে বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪ এবং ২০ এ নির্দেশনা রয়েছে। আন্তর্জাতিক শ্রম সংস্থার কনভেনশন ১৫৫, ১৮৭, ১৬১, প্রোটোকল ১৫৫ এবং সুপারিশমালা ১৬৪ ও ১৯৭ এ কর্মপরিবেশের নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার বিষয়ে সুস্পষ্ট দিকনির্দেশনা রয়েছে। জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালা, ২০১৩ তে সরকারের দায়িত্বাবলীর অংশে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা, বিশেষায়িত ইনস্টিটিউট প্রতিষ্ঠা বিষয়ক নির্দেশনা রয়েছে। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এ কর্মক্ষেত্রে শ্রমিকের সাধারণ অধিকারের পাশাপাশি পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য নির্দেশনা রয়েছে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বাংলাদেশ শ্রম আইন ও জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালার আলোকে পেশাগত স্বাস্থ্য ও সেইফটি সম্পর্কিত কার্যক্রম নিয়মিত তদারকি ও বাস্তবায়নে নিরলসভাবে কাজ যাচ্ছে। অত্র অধিদপ্তরের অধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। যার উদ্দেশ্য হলো পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরীর মাধ্যমে শোভন কর্ম পরিবেশ নিশ্চিত করা এবং এ বিষয়ক গবেষণার মাধ্যমে নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ নির্মাণে ভূমিকা রাখা এবং এ বিষয়ক জনসচেতনতা বৃদ্ধি।

এ নীতিমালা জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউটের প্রশিক্ষণ নীতিমালা, ২০২৪ নামে অবহিত হবে।

২. জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট-র (NOSHTRI) ভিশন মিশন

প্রশিক্ষণ নীতির কার্যকর ও দক্ষ বাস্তবায়নের মাধ্যমে নিম্নলিখিত দৃষ্টিভঙ্গি, মিশন এবং NOSHTRI এর লক্ষ্য অর্জনের গতি ত্বরান্বিত হবে।

২.১ ভিশন

নিরাপদ কর্মস্থল, শোভন কর্মপরিবেশ ও শ্রমিকদের জন্য উন্নত জীবনমান নিশ্চিতকরণে প্রশিক্ষণ এবং গবেষণা।

২.২ মিশন

- পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা
- পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা সম্পাদন
- নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ বিষয়ক শ্রমিকের দক্ষতা সৃজন
- নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ বিষয়ক পরামর্শক সেবা প্রদান

৩. ইনস্টিটিউটের কার্যাবলি। ইনস্টিটিউটের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলি হবে নিম্নরূপ, যথা:-

(ক) সরকারি ও বেসরকারি শিল্পখাতের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং শ্রম বিষয়ক দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় শিক্ষা ও প্রশিক্ষণ এবং গবেষণা কার্যক্রম পরিচালনা করা;

(খ) জাতীয় ও আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট ও অন্যান্য প্রতিষ্ঠানের সহিত পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ, গবেষণা বিষয়ক যৌথ কর্মসূচি গ্রহণ করা;

(গ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকগণের বিশেষায়িত প্রশিক্ষণ আয়োজন;

(ঘ) জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রাসঙ্গিক প্রশিক্ষণ আয়োজন।

৪. প্রশিক্ষণের ক্ষেত্র

ক. বিভিন্ন সেক্টরের শ্রমিকদের জন্য পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশিক্ষণ

খ. বিভিন্ন সেক্টরের মালিকপক্ষের জন্য পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশিক্ষণ

গ. সরকারী কর্মকর্তা/কর্মচারীর জন্য পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশিক্ষণ

ঘ. কর্মক্ষেত্রের ঝুঁকি নিরূপন বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ

ঙ. কর্মক্ষেত্রের দুর্ঘটনা প্রতিরোধের জন্য উচ্চতর প্রশিক্ষণ

৫. প্রশিক্ষণ মডালিটি:

(ক) পরিচালনা পর্ষদের অনুমোদন ও সুনির্দিষ্টকরণের প্রেক্ষিতে বিনামূল্যে (ফ্রি) এবং সেবামূল্য গ্রহণের (অন পেমেন্ট) বিপরীতে ইনস্টিটিউটে প্রশিক্ষণ পরিচালনা করা যাবে।

(খ) (ক) এ উল্লিখিত সেবা মূল্য গ্রহণপূর্বক পরিচালিত কোর্স সমূহের ব্যয় প্রাক্কলন ও কোর্স ফি অ্যাকাডেমিক কমিটির প্রস্তাবের প্রেক্ষিতে পরিচালনা পর্ষদ হইতে অনুমোদন করে নিতে হবে।

(গ) বিনামূল্যে প্রদানকৃত প্রশিক্ষণের খরচ সরকারী আর্থিক নিয়মাবলী অনুসরণপূর্বক ইনস্টিটিউটের রাজস্ব খাত হতে নির্বাহ করতে হবে।

(ঘ) (গ) এ উল্লিখিত কোর্সসমূহ পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হবে।

৬. কৌশল: প্রশিক্ষণ পরিচালনায় নিয়োক্ত কৌশল অবলম্বন করা হবে:

৬.১ প্রশিক্ষণ (ফ্রি):

৬.১.১. কর্মপরিকল্পনা মোতাবেক কারখানা ও প্রতিষ্ঠান হতে ৮০% প্রশিক্ষণার্থী এবং ২০% আগ্রহী গ্রুপ হতে প্রশিক্ষণার্থী মনোনয়ন দেয়া;

৬.১.২. পত্রের মাধ্যমে কর্মপরিকল্পনা মোতাবেক বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণার্থীর মনোনয়ন গ্রহণ;

৬.১.৩. বিজ্ঞপ্তির মাধ্যমে আগ্রহী গ্রুপ হতে আবেদন পত্র গ্রহণ এবং বাছাই অন্তে প্রশিক্ষণার্থী মনোনয়ন;

৬.১.৪. প্রশিক্ষণ পরিচালনা, মূল্যায়ন ও সার্টিফিকেট প্রদান।

৬.২ প্রশিক্ষণ (অন পেমেন্ট)

৬.২.১. বিজ্ঞপ্তির মাধ্যমে আগ্রহী গ্রুপ হতে আবেদন পত্র গ্রহণ এবং বাছাই অন্তে প্রশিক্ষণার্থী মনোনয়ন

৬.২.২. প্রশিক্ষণ পরিচালনা ও সার্টিফিকেট প্রদান

৭. প্রশিক্ষণের প্রকার

৭.১ স্থানীয় প্রশিক্ষণ

৭.২ সার্টিফিকেট কোর্স

৭.৩ সন্ধ্যাকালিন কোর্স

৭.৪ ডিপ্লোমা কোর্স

৭.৫ স্নাতকোত্তর কোর্স

৭.৬ ফাউন্ডেশন কোর্স

৭.৭ বিভাগীয় টেকনিক্যাল কোর্স

৭.৮ কাস্টমাইজড কোর্স

৭.৯ যৌথ কোর্স

৭.১০ অনলাইন বেসিক কোর্স

৮. প্রশিক্ষণ প্লাটফর্ম:

৮.১ অন ক্যাম্পাস (অনারাসিক)

৮.২ অন ক্যাম্পাস (আবাসিক)

৮.৩ ই- লার্নিং প্লাটফর্ম

৯. সংক্ষিপ্ত, মধ্য এবং দীর্ঘমেয়াদী বিদেশী প্রশিক্ষণ কোর্স

দুই সপ্তাহ থেকে ছয়মাস মেয়াদী কোর্সগুলিকে স্বল্প মেয়াদী কোর্স হিসাবে বিবেচনা করা হবে, যেগুলি ছয় মাসের বেশি কিন্তু এক বছরের কম সময়ের কোর্সগুলিকে মধ্য মেয়াদী কোর্স বলা যেতে পারে। এক বছর বা তার বেশি সময়ের সমস্ত কোর্সকে দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ কোর্স হিসাবে বিবেচনা করা হবে। দীর্ঘ মেয়াদী কোর্স মাস্টার্স এবং Ph.D অন্তর্ভুক্ত।

১০. সেমিনার, সম্মেলন ও কর্মশালা

NOSHTRI -তে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন করা হবে। NOSHTRI এ বিষয়ক নলেজ হাব হিসাবে কাজ করবে।

১১. মডিউল উন্নয়ন

NOSHTRI- কোর্স মডিউল উন্নয়নে এবং আপগ্রেডেশনে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা গ্রহণ করতে হবে। এবং প্রতি মডিউলের অ্যাকাডেমিক কমিটির মাধ্যমে পরিচালনা পর্ষদের অনুমোদন নিতে হবে।

১২. বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন

NOSHTRI বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা (এটিপি) প্রস্তুত করবে। এটিপি-তে নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকবে:

- ক. প্রশিক্ষণপ্রাপ্তদের সংখ্যা ও লক্ষ্য নির্ধারণ (কর্মকর্তাদের স্তর)
- খ. প্রশিক্ষণের বিভাগ ও ক্ষেত্র নির্বাচন,
- গ. প্রশিক্ষণের সময়সূচী বা লক্ষ্য নির্ধারণ,
- ঘ. উপযুক্ত রিসোর্স পারসন নির্বাচন;
- ঙ. প্রশিক্ষণ ব্যববহন করার জন্য বাজেটের কাঠামো তৈরি করা।

১৩. প্রশিক্ষণের ম্যানুয়াল তৈরি করা

প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য NOSHTRI একটি প্রশিক্ষণ নির্দেশিকা তৈরি করবে এবং প্রশিক্ষণ কর্মসূচির নকশা, বিতরণ ও ব্যবস্থাপনায় একটি নির্দিষ্ট মান, অভিন্নতা ও সহাবস্থান বজায় রাখবে। প্রশিক্ষণ ম্যানুয়ালটি নিম্নলিখিত উপাদানগুলি নিয়ে গঠিত হবেঃ

- ক. প্রাতিষ্ঠানিক লক্ষ্য;
- খ. অর্গানোগ্রাম;
- গ. কোর্সের পরিচালক/সহযোগীদের দায়িত্ব সহ কর্মকর্তাদের কাজের বিবরণ;

- ঘ. প্রশিক্ষণ কোর্স পরিচালনার পদ্ধতি;
- ঙ. পাঠ্যক্রমের নকশা পদ্ধতি;
- চ. পর্যবেক্ষণ ব্যবস্থা এবং মূল্যায়ন।

১৪. রিসোর্স পুল গঠন: কার্যকর প্রশিক্ষণ পরিচালনার জন্য নিম্নোক্তভাবে NOSHTRI রিসোর্স পুল গঠন করবে:

- ক. দেশের OSH Expert গণের সমন্বয়ে এক্সটার্নাল রিসোর্স পুল গঠন;
- খ. প্রশিক্ষণ পরিচালনার জন্য DIFE কর্মকর্তাগণের সমন্বয়ে ইন্টার্নাল রিসোর্স পুল গঠন।

১৫. প্রশিক্ষণ পদ্ধতি:

প্রশিক্ষণ কর্মসূচির উপযুক্ততা এবং কার্যকারিতা বজায় রাখতে NOSHTRI প্রতিশ্রুতিবদ্ধ। কিছু ব্যতিক্রম ছাড়া, একাডেমি সাধারণত নিম্নলিখিত পদ্ধতিগুলি অনুসরণ করে:

- ক. লেকচার;
- খ. অংশগ্রহণমূলক আলোচনা;
- গ. স্টাডি;
- ঘ. রোল প্লে;
- ঙ. কর্মশালা/সেমিনার;
- চ. মাঠ পরিদর্শন;
- ছ. অনুকরণ;
- জ. দলগত অনুশীলন;
- ঝ. খেলাধুলা করা
- এং. দলগত কাজ এবং উপস্থাপনা

NOSHTRI বিশ্বব্যাপী অনুরূপ প্রশিক্ষণ একাডেমির প্রশিক্ষণ পদ্ধতিগুলি বিশ্লেষণ করবে এবং সেই অনুযায়ী নিজস্ব প্রশিক্ষণ পদ্ধতিগুলি আপডেট করবে। এই ক্ষেত্রে NOSHTRI আন্তর্জাতিক মান বজায় রাখবে।

১৬. গবেষণা ও উন্নয়ন

প্রশিক্ষণ চক্রের অবিচ্ছেদ্য অংশে গবেষণা ও উন্নয়ন (আরএন্ডডি)। প্রশিক্ষণের মান, ক্ষেত্র এবং পদ্ধতি যুগোপযুগি করার জন্য NOSHTRI গবেষণা অব্যাহত রাখবে।

১৭ প্রশিক্ষকদের জন্য ক্রমাগত প্রশিক্ষণ

NOSHTRI দ্বারা নিযুক্ত প্রশিক্ষকদের তাদের দক্ষতার বিকাশ অব্যাহত রাখতে হবে যাতে তারা মানবসম্পদ উন্নয়নের প্রক্রিয়ায় অবদান রাখতে পারে। প্রশিক্ষকদের প্রশিক্ষণ (টিওটি) কোর্সগুলি ক্রমাগত সংগঠিত করা উচিত যাতে নির্দেশমূলক কর্মীরা জ্ঞান এবং প্রশিক্ষণের আপডেট করতে সক্ষম হয়।

১৮. অন পেমেন্ট কোর্স এর ব্যয় বিষয়ক বিশেষ নির্দেশনা: NOSHTRI-তে পরিচালিত অন পেমেন্ট কোর্স এর ক্ষেত্রে প্রশিক্ষণার্থীর আবাসিক কক্ষ, ক্লাস রুম/সেমিনার কক্ষ, সার্ভিস চার্জ মোট ব্যয় প্রাক্কলনে বিবেচনা করতে হবে। প্রতিটি কোর্স শেষে উল্লিখিত ফি সমূহ সরকারী কোষাগারে চালানোর মাধ্যমে জমা দিতে হবে।

১৯. বিভিন্ন কমিটির সদস্য, প্রশিক্ষক, কোর্স পরিচালক, সমন্বয়ক, সাপোর্টিং স্টাফ এর সম্মানী নির্ধারণ:

পরিচালনা পর্ষদ সময়ে সময়ে বিভিন্ন কমিটির সদস্য, প্রশিক্ষক, কোর্স পরিচালক, সমন্বয়ক, সাপোর্টিং স্টাফ এর সম্মানীর হার এবং পরিশোধের পদ্ধতি নির্ধারণ করবেন।

২০. নীতিমালা হালনাগাদকরণ: সময়ে সময়ে NOSHTRI এ নীতিমালা হালনাগাদকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং অ্যাকাডেমিক কমিটির মাধ্যমে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করবে।